53

তারিখ ... 17 APR 1996
পৃষ্ঠা কলাম

দৈনিক সংবাদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# ভর্তি ফরম ছিনতাই নকল ফরম বিক্রি

( জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

গতকাল মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নকল ভর্তি ফরম বিক্রি এবং ছাত্রীর কাছ থেকে ভর্তি ফরম ছিনতাইয়ের ঘটনাঘটেছে।

এ বছর স্নাতক সম্মান শ্রেণীতে ৫ হাজার ১শ' ৭৫টি আসনের জন্য ভর্তি ফরম বিতরণ করা হয়েছে ১ লাখ ৫২ হাজার ৮শ' ৬৩টি। বিশ্ববিদ্যালয়ের

ভর্তি ঃ পৃঃ ১০ কঃ ২

## ভর্তি ঃ ফরম ছিনতাই

( ১ম পৃষ্ঠার পর )

ছাত্রনেতা নামধারী একটি গ্রুপ গ্রাম থেকে আসা নিরীহ শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের কাছে চড়া দামে (প্রতিটি ফরম ১৫ থেকে ২০ হাজার) বিক্রি করে বেশ ফায়দা লুটছে।

এই ফরম বিলি করতে গিয়েও কারচুপির আশ্রয় নেয়া হচ্ছে। টাকা নিয়ে দেয়া হচ্ছে নকল ভর্তি ফরম। রাষ্ট্রবিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগে চড়া দামে নকল ভর্তি ফরম বিক্রির ঘটনা ধরা পড়েছে। এ বিভাগে প্রতিটি নকল ফরম বিক্রি হয়েছে ২৫ থেকে ২৮ হাজার টাকা মূল্যে। গতকাল ক্যাম্পাসে কয়েকজন ছাত্র নামধারী যুবক ইংরেজি বিভাগের জনৈক ছাত্রীর কাছ থেকে ভর্তি ফরম ছিনতাই করে। ছাত্রীটি প্রতিবাদ জানালে তাকে মেরে ফেলার হুমকি দেয়া হয়। এ ব্যাপারে বিভাগীয় প্রধানের সাথে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন।

গত সোমবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৭/৮জন ছাত্র নামধারী যুবক বাংলা বিভাগের জনৈক অধ্যাপিকার ভ্যানিটি ব্যাগ থেকে ফরম ছিনতাই করেছে। ঐ অধ্যাপিকা তার এক নিকট আত্মীয়কে ভর্তি করার জন্য একটি ফরম সংগ্রহ করেছিলেন বলে জানা গেছে।